# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মহান আল্লাহর বিশেষণ, তাকদীর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ইমাম শাফিয়ীর অন্য ছাত্র আবূ সাওর বলেন

ইমাম শাফিয়ীর অন্য ছাত্র আবূ সাওর বলেন, ইমাম শাফিয়ী বলেন:

القول في السُّنّة التي وردت وأنا عليها، ورأيتُ أصحابنا عليها أهل الحديث الذين رأيتُهم وأخذتُ عنهم - مثل: سفيان الثّوريّ ومالك وغيرهما - : الإقرار بشهادة أن لا إله إلا الله وأنّ محمّدًا رسول الله، وأنّ الله - تعالى - على عرشه في سمائه، يقرب من خلقه كيف شاء، وأنّ الله تعالى ينزل إلى السّماء الدُّنيا كيف شاء.

“সুফিয়ান সাওরী, মালিক ও অন্যান্য যে সকল মুহাদ্দিসকে আমরা দেখেছি এবং তাঁদের থেকে শিক্ষা গ্রহণ করেছি, আমাদের সে সব সাথী এবং আমি যে সুন্নাত আকীদার উপর রয়েছি তা হলো এরূপ সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া কোনো মাবূদ নেই, এবং মুহাম্মাদ (ﷺ) আল্লাহর রাসূল, এবং মহান আল্লাহ তাঁর আরশের উপরে তাঁর আসমানের ঊর্ধ্বে, তিনি যেভাবে ইচ্ছা করেন সেভাবে বান্দার নিকটবর্তী হন এবং তিনি যেভাবে ইচ্ছা করেন সেভাবে প্রথম আসমানে অবতরণ করেন।”[1]

## ফুটনোট

[1] যাহাবী, আল-উলুওউ লিল-আলিয়্যিল গাফ্ফার, পৃষ্ঠা ২০৫; হিশাম আব্দুল কাদির, মুখতাসারু মাআরিজিল কুবুল, পৃষ্ঠা ২৬৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7164

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন